**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 1.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে সাশ্রয়ী স্বাস্থ্য বীমা প্রদান করতে 10 বিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

***ফেডারেল স্টেট উদ্ভাবনী মওকুফের অধীনে সম্প্রসারিত যোগ্যতা নিশ্চিত করবে যাতে আরো বেশি নিউ ইয়র্কবাসী এখন স্টেটের অত্যাবশ্যকীয় পরিকল্পনার আওতাভুক্ত হতে পারে***

***অত্যাবশ্যকীয় পরিকল্পনায় নতুন নাম লেখানো ব্যক্তিরা প্রতি বছর 6,100 মার্কিন ডলারের বেশি সাশ্রয় করবে***

***নিউ ইয়র্ক এখন পর্যন্ত দেশের সর্ববৃহৎ স্টেট উদ্ভাবনী মওকুফ পেয়েছে***

***সাশ্রয়ী সেবা আইনের মাধ্যমে তহবিল পাওয়া গেছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে আনুমানিক 1.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে উচ্চমানের, সাশ্রয়ী স্বাস্থ্য বীমা প্রদান করার জন্য নিউ ইয়র্ক স্টেট ফেডারেল সরকারের থেকে 10 বিলিয়ন মার্কিন ডলার লাভের চূড়ান্ত প্রতিশ্রুতি পেয়েছে। গভর্নরের টেকসই অ্যাডভোকেসির পর নিউ ইয়র্ক ফেডারেল স্টেট উদ্ভাবনী মওকুফের (State Innovation Waiver) মাধ্যমে এই তহবিল নিশ্চিত করেছে। আজকে প্রাপ্ত 10 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতিটি হলো এখন পর্যন্ত দেশের দেশের সর্ববৃহৎ স্টেট উদ্ভাবনী মওকুফ।

"এই দেশসেরা বিনিয়োগ নিশ্চিত করার মাধ্যমে আমরা নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী স্বাস্থ্য বীমাকে সম্প্রসারিত করছি এবং স্টেটব্যাপী সম্প্রদায়সমূহে জীবনযাপনের ব্যয়ের সমাধানে কাজ অব্যাহত রেখেছি," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীর কাছে যাতে তাদের প্রয়োজনীয় সাশ্রয়ী, মানসম্পন্ন সেবা থাকে তা নিশ্চিত করার লড়াই আমি কখনো বন্ধ করবো না।"

এই তহবিলের প্রতিশ্রুতিটি হলো গভর্নরের পূর্বের ঘোষণার অনুবর্তী যেখানে বলা হয় যে NY স্টেট অফ হেলথের (NY State of Health, NYSOH) মাধ্যমে প্রদত্ত একটি জনস্বাস্থ্য বীমা কর্মসূচি, অত্যাবশ্যকীয় পরিকল্পনার (Essential Plan) জন্য নিউ ইয়র্ক যোগ্যতার মাত্রা সম্প্রসারিত করেছে। সম্প্রসারিত যোগ্যতা নিশ্চিত করেছে যাতে 200,000 এর বেশি অতিরিক্ত

নিউ ইয়র্কবাসী এই বছর নতুনভাবে অত্যাবশ্যকীয় পরিকল্পনার আওতাভুক্ত হতে পারে, যা স্টেটব্যাপী মোট আওতাকে আনুমানিক 1.5 মিলিয়ন করেছে।

অত্যাবশ্যকীয় পরিকল্পনাতে নতুনভাবে নাম লেখানো ব্যক্তিরা বাণিজ্যিক আওতার জন্য তাদেরকে যা প্রদান করতে হতো তার তুলনায় প্রতি বছর 6,100 মার্কিন ডলার সাশ্রয় করবে বলে অনুমান করা যাচ্ছে।

স্টেটব্যাপী নাম লেখানো ব্যক্তির মধ্যে রয়েছে:

| অঞ্চল | অত্যাবশ্যকীয় পরিকল্পনায় নাম লেখানো ব্যক্তির সংখ্যা |
|---|---|
| NYC Metro | 919,107 |
| Long Island | 198,602 |
| Northern Metro | 76,107 |
| Mid-Hudson | 46,156 |
| Northeast | 45,878 |
| Utica-Adirondack | 34,778 |
| Central | 43,273 |
| Finger Lakes | 43,041 |
| Western | 90,907 |
| **সর্বমোট** | **1,497,849** |

**সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন,** "নিউ ইয়র্কের পরিবারের জন্য স্বাস্থ্যসেবাকে আরো সাশ্রয়ী করতে আমি বহু বছর ধরে লড়াই করেছি এবং মুদ্রাস্ফীতি হ্রাস আইনে (Inflation Reduction Act, IRA) নিউ ইয়র্কবাসীর জন্য প্রিমিয়াম ও স্বাস্থ্য সেবার ব্যয় হ্রাস করতে অতিরিক্ত 1 বিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করতে পেরে আমি গর্বিত। এটি সত্যিই নিউ ইয়র্কবাসীকে অর্থ ফেরত দিচ্ছে এবং মানসিক শান্তি প্রদান করছে যে যখন প্রয়োজন হবে তখন স্বাস্থ্যসেবা সাশ্রয়ী হবে।"

**সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন,** "এই 10 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতিটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে নিউ ইয়র্কের আরো বেশি পরিবারের কাছে সঞ্চয় শেষ না করেই তাদের প্রাপ্য স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ থাকে, এবং এটি সম্ভব করতে সাহায্য করার জন্য মুদ্রাস্ফীতি হ্রাস আইনের পক্ষে ভোট দিতে পেরে আমি গর্বিত। স্বাস্থ্যসেবাকে সম্প্রসারিত করা এবং এটিকে নিউ ইয়র্কের সকল পরিবারের জন্য আরো সাশ্রয়ী করার ব্যাপারে আমি প্রতিশ্রুতিবদ্ধ এবং সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে তাদের প্রয়োজনীয় মানসম্পন্ন, সাশ্রয়ী স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ থাকে তার জন্য ফেডারেল পর্যায়ে আমি লড়াই চালিয়ে যাবো।"

**হাউজের ডেমোক্রেটিক নেতা হাকিম জেফ্রিস বলেন,** "খাদ্যের ব্যবস্থা করা এবং জীবন রক্ষাকারী মেডিকেল চিকিৎসার মূল্য পরিশোধ করার মধ্যে একটিকে বেছে নিতে হওয়া এই 10 বিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল বিনিয়োগটি 1 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী ও তাদের পরিবারের জন্য স্বাস্থ্যসেবার অধিক মূল্যের চাপ সহজ করার ক্ষেত্রে দৃশ্যপট বদলে দিবে। এই তহবিল নিশ্চিত করতে বাইডেন-হ্যারিস প্রশাসনের কাজের জন্য এবং ব্যয় হ্রাস করতে মুদ্রাস্ফীতি হ্রাস আইন নিয়ে আসা এবং কয়েক মিলিয়ন আমেরিকানের জন্য স্বাস্থ্যসেবার আওতা সুরক্ষিত রাখতে সাশ্রয়ী সেবা আইনকে (Affordable Care Act) বলীয়ান করার ক্ষেত্রে তাদের অংশীদারিত্বের জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

**প্রতিনিধি পল টঙ্কো বলেন,** "গুরুত্বপূর্ণ এই তহবিলের সংযোজন উদযাপন করতে পেরে আমি অতি আনন্দিত যা এক মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসীকে প্রতি বছর স্বাস্থ্য সেবা ব্যয় থেকে কয়েক হাজার মার্কিন ডলার সাশ্রয় করতে সাহায্য করবে। সাশ্রয়ী সেবা আইনের ফলে সকল নিউ ইয়র্কবাসীর কাছে তাদের প্রাপ্য সাশ্রয়ী, উচ্চমানের স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ থাকা নিশ্চিত করতে আমরা অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করতে পারছি। অত্যাবশ্যকীয় পরিকল্পনার অধীনে আওতা সম্প্রসারিত করার মাধ্যমে আমরা এমন একটি ভবিষ্যতের কাছে চলে যাচ্ছি যেখানে স্বাস্থ্যসেবা পাওয়া একটি অধিকার হবে, বিশেষাধিকার নয়। প্রত্যেক বাসিন্দাকে স্বাস্থ্যকর, ফলপ্রসূ জীবনযাপন করার জন্য তাদের প্রয়োজনীয় সমর্থন প্রদান করার ব্যাপারে আমাদের চলমান প্রতিশ্রুতির জন্য আমি গর্বিত।"

**স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন,** "সাশ্রয়ী এবং মানসম্পন্ন স্বাস্থ্য বীমা স্বাস্থ্য দশা নির্বিশেষে সকলের প্রাপ্য। এই বিনিয়োগটি নিউ ইয়র্কবাসীকে কোনো আর্থিক চাপ ছাড়াই নিজেদের স্বাস্থ্য রক্ষা ও উন্নত করতে দিবে। আমাদের বাসিন্দাদের মানসম্পন্ন, সাশ্রয়ী স্বাস্থ্য বীমা প্রদান করবে এমন উদ্ভাবনী কৌশল অনুসন্ধানে নিউ ইয়র্ক সাশ্রয়ী সেবা আইনের চেতনাকে ধারণ করে 1332 মওকুফ তহবিলের সদ্ব্যবহার অব্যাহত রাখবে।"

**NY স্টেট অফ হেলথের নির্বাহী পরিচালক ড্যানিয়েল হোলাহান বলেন,** "সাশ্রয়ী সেবা আইনের সেকশন 1332 স্টেটের উদ্ভাবনী মওকুফ প্রদত্ত কর্তৃত্বের কারণে NY স্টেট অফ হেলথ 1.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে 0 মার্কিন ডলার প্রিমিয়ামে স্বাস্থ্য বীমা প্রদান করতে পারবে, যা ব্যক্তি ও পরিবারের জন্য প্রতি বছর তাদের কষ্টার্জিত 6,100 মার্কিন ডলার সাশ্রয় করবে। নিউ ইয়র্কবাসীর সঞ্চয়কে ক্ষতিগ্রস্ত না করে তাদের স্বাস্থ্যবান রাখার উদ্ভাবনী উপায় অনুসন্ধান করতে আমাদের ফেডারেল অংশীদারদের সাথে আমরা কাজ অব্যাহত রাখবো।"

2024 সালের জন্য এই 10 বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিলের মধ্যে রয়েছে ফেডারেল মুদ্রাস্ফীতি হ্রাস আইনের কারণে সম্ভব হওয়া আনুমানিক 1 বিলিয়ন মার্কিন ডলার। IRA বর্ধিত প্রিমিয়াম কর ক্রেডিট ভর্তুকির উপলভ্যতা বিস্তৃত করেছে, কংগ্রেস কোনো ব্যবস্থা গ্রহণ না করলে 2025 সালে এর মেয়াদ শেষ হওয়ার কথা রয়েছে। IRA বর্ধিত প্রিমিয়াম ভর্তুকি একটি অতি গুরুত্বপূর্ণ তহবিলের উৎস হয়ে আছে, যা সাশ্রয়ী আওতা সম্প্রসারিত করা এবং রেকর্ড সংখ্যক নাম লেখানো পর্যন্ত করা নিউ ইয়র্কের জন্য সম্ভব করেছে।

1 এপ্রিল, 2024 তারিখে NY স্টেট অফ হেলথের মাধ্যমে প্রদত্ত একটি জনস্বাস্থ্য বীমা কর্মসূচি, অত্যাবশ্যকীয় পরিকল্পনার জন্য যোগ্যতার মাত্রাকে নিউ ইয়র্ক সম্প্রসারিত করে। অত্যাবশ্যকীয় পরিকল্পনাটি এখন ফেডারেল দারিদ্র্য সীমার 250 শতাংশ উপার্জন, অর্থাৎ 2024 সালে কোনো ব্যক্তির জন্য বার্ষিক 37,650 মার্কিন ডলার উপার্জনসহ নিউ ইয়র্কবাসীর জন্য উপলভ্য রয়েছে। 1 মার্চ, 2024 তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগ (U.S. Department of Health and Human Services) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের (U.S. Department of Treasury) অনুমোদিত, নিউ ইয়র্কের সেকশন 1332 স্টেট উদ্ভাবনী মওকুফের আবেদনের ফলে এই সম্প্রসারণ সম্ভব হচ্ছে। মওকুফের কারণে, পুরো স্টেটের আনুমানিক 1.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসী 0 মার্কিন ডলার প্রিমিয়াম এবং স্বল্প মূল্যভাগ বা কোনো মূল্যভাগ ছাড়াই স্বাস্থ্য পরিকল্পনার আওতাভুক্ত হচ্ছে। নিউ ইয়র্ক এপ্রিল ও আগস্ট মাসে অন্তর্বর্তীকালীন অর্থ পেয়েছে যার ফলে 2024 সালের এপ্রিল মাসে কর্মসূচির সম্প্রসারণের সূচনা যথাসময়ে সম্ভব হয়েছে।

**গ্রেটার নিউ ইয়র্ক হাসপাতাল অ্যাসোসিয়েশনের (Greater New York Hospital Association) প্রেসিডেন্ট কেনেথ ই রাসকে বলেন,** "অত্যাবশ্যকীয় পরিকল্পনার যোগ্যতাকে আরো সম্প্রসারিত করার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের প্রশংসা করছি। গুরুত্বপূর্ণ এই বিকাশটি আরো নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী, সার্বিক স্বাস্থ্য আওতা পাওয়া সম্ভব করবে। হাসপাতাল সম্প্রদায় দৃঢ়ভাবে সূচনালগ্ন থেকে নিউ ইয়র্কের অত্যাবশ্যকীয় পরিকল্পনাকে সমর্থন করেছে কারণ এটি মেডিকেইডের জন্য যোগ্য নয় এমন নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য সার্বিক আওতা প্রদান করে।"

**নিউ ইয়র্ক কমিউনিটি সার্ভিস সোসাইটির (Community Service Society of New York) স্বাস্থ্য উদ্যোগের ভাইস প্রেসিডেন্ট এলিজাবেথ আর বেঞ্জামিন বলেন,** "অত্যাবশ্যকীয় পরিকল্পনাটি সাশ্রয়ী মানসম্পন্ন স্বাস্থ্য বীমার অনুসন্ধানে সংগ্রাম করতে থাকা নিউ ইয়র্কবাসীর জন্য একটি আশীর্বাদ। নিউ ইয়র্কবাসীরা যাতে আরো স্বাস্থ্যকর জীবন পেতে পারে এবং একই সাথে তাদের মেডিকেল ঋণগ্রস্ত হওয়া হ্রাস করতে পারেটার জন্য কর্মসূচির নকশা উন্নত করতে এই ফেডারেল তহবিলটি অনেক সাহায্য করবে।"

**নিউ ইয়র্ক হেলথ প্ল্যান অ্যাসোসিয়েশনের (New York Health Plan Association) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক লিনজার বলেন,** "অত্যাবশ্যকীয় পরিকল্পনার মাধ্যমে আরো বেশি নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আওতাকে উপলভ্য করার আমাদের সামগ্রিক প্রয়াসের জন্য এই তহবিলটি অতি গুরুত্বপূর্ণ। ফেডারেল সরকারের এই প্রতিশ্রুতিটি স্বাস্থ্য পরিকল্পনাসমূহ ও স্টেটের মধ্যকার সফল অংশীদারিত্বের অনুবর্তী, যা নিউ ইয়র্ককে আওতা সম্প্রসারিত করা এবং একই সাথে স্বাস্থ্য বৈষম্য নির্মূল করার সংস্থান প্রদান করার ক্ষেত্রে শীর্ষে স্থাপন করেছে, এবং মওকুফের অঙ্গীকারকে বাস্তবে পরিণত করার জন্য হোকল প্রশাসনের সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

**নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটি হেলথ কেয়ার অ্যাসোসিয়েশনের (Community Health Care Association of New York State, CHCANYS) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা রোজ ডুহান বলেন,** "আওতার এই যুগান্তকারী সম্প্রসারণের জন্য CHCANYS NY স্টেট অফ হেলথ এবং ফেডারেল সরকারের প্রশংসা করছে। নিউ ইয়র্কবাসীর জন্য সার্বিক

সাশ্রয়ী আওতা নিউ ইয়র্কবাসীর জন্য সম্প্রদায়ের স্বাস্থ্য কেন্দ্রসমূহে প্রদত্ত উচ্চমানের প্রাথমিক সেবা পাওয়ার সুযোগ উন্নত করে এবং সকলের জন্য সেবা প্রদান করার মিশন পূরণ করতে স্বাস্থ্য কেন্দ্রসমূহের ধারণক্ষমতা বৃদ্ধি করে। সকল নিউ ইয়র্কবাসী যাতে তাদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পেতে পারে তা নিশ্চিত করার আমাদের এক লক্ষ্যকে অগ্রসর করতে NYSOH এর একটি মার্কেটপ্লেসের একটি নেভিগেটর হিসেবে CHCANYS কাজ করে।"

**লিউকেমিয়া এবং লিম্ফোমা সোসাইটির (Leukemia & Lymphoma Society) স্টেটের সরকারি নীতিমালার সিনিয়র পরিচালক স্টিভ বাটারফিল্ড বলেন,** "নিউ ইয়র্ক যে একটি সত্যিকারের উদ্ভাবনী, এ ধরনের প্রথম কর্মসূচি বরণ করে নিচ্ছে তা দেখে লিউকেমিয়া এবং লিম্ফোমা সোসাইটি আনন্দিত। ব্লাড ক্যান্সারের রোগী, তাদের পরিবার, এবং নিউ ইয়র্কের অন্যান্য ভোক্তারা যখন স্থিতিশীল ও সাশ্রয়ী আওতার উপর নির্ভর করতে পারে তখন তারা লাভবান হয়, যা এই কর্মসূচিটি প্রদান করবে। অন্যান্য স্টেট এই মওকুফ থেকে শিক্ষা গ্রহণ করবে এবং যেখানে সম্ভব সেখানে অনুরূপ মডেল অনুসন্ধান করবে তা দেখার ব্যাপারে আমরা আশাবাদী।"

**আমেরিকান ক্যান্সার সোসাইটির ক্যান্সার অ্যাকশন নেটওয়ার্কের (American Cancer Society Cancer Action Network, ACS CAN) সিনিয়র সরকারি সম্পর্কের পরিচালক মাইকেল ডাভোলি বলেন,** "আমরা কখনোই সেইসব দিনে ফেরত যেতে পারি না যখন ক্যান্সারের রোগীরা স্বাস্থ্য বীমার আওতার বাইরে থাকতো কারণ তা তাদের সামর্থ্যের বাইরে ছিলো বা তারা ক্যান্সারকে পরাজিত করেছে বলে তাদের আওতা প্রদান করতে প্রত্যাখ্যান করা হতো, এবং আমরা কখনোই সেখানে ফেরত যাবো না। সেকশন 1332 স্টেট উদ্ভাবনী মওকুফের কারণে নিউ ইয়র্ক যেই অতিরিক্ত অর্থ পেয়েছে তা ক্যান্সারে আক্রান্ত কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য তাদের প্রয়োজনীয় সেবার সুযোগ পাওয়া নিশ্চিত করতে সাহায্য করবে।"

সেকশন 1332 স্টেট উদ্ভাবনী মওকুফ স্টেটের জন্য বাসিন্দাদের উচ্চমানের, সাশ্রয়ী স্বাস্থ্য বীমা পাওয়ার সুযোগ প্রদান করার উদ্ভাবনী কৌশল অনুসন্ধান করতে দেয়। নিউ ইয়র্কের মওকুফকে 2024 থেকে 2028 পর্যন্ত পাঁচ বছরের জন্য অনুমোদিত করা হয়েছে। 2025 থেকে 2028 পর্যন্ত তহবিলের পরিমাণ বছরভিত্তিকভাবে নির্ণয় করা হবে।

নিউ ইয়র্কের সম্প্রতি অনুমোদিত 1115 মেডিকেইড ডেমোন্সট্রেশন মওকুফের (Medicaid Demonstration waive) সম্পূরক এই 1332 মওকুফের অধীনে নিউ ইয়র্ক এছাড়াও অত্যাবশ্যকীয় পরিকল্পনায় নাম লেখানো ব্যক্তিদের জন্য স্বাস্থ্যের সামাজিক নির্ণায়ক নিয়ে কাজ করতে ইচ্ছুক। মওকুফের তহবিল খাদ্য অনিরাপত্তার সমাধান করা অনুদানসমূহকে সমর্থন করবে, যার মধ্যে রয়েছে খাদ্য ফার্মেসি এবং মেডিকেলি নকশা করা আহারের মাধ্যমে সমাধান, এবং এটি দীর্ঘস্থায়ী অ্যাজমাসহ তালিকাভুক্তদের এয়ার কন্ডিশনার প্রদান করে তাদের সমর্থন করবে যাতে তাদের স্বাস্থ্যকে সুরক্ষিত রাখা যায় এবং জরুরি বিভাগে আগমনের সংখ্যা হ্রাস করা যায়। এছাড়াও মওকুফটি আচরণগত স্বাস্থ্যসেবা প্রদানকারী ও সেবা, যেমন মোবাইল সঙ্কট ইউনিট, সঙ্কট বিক্ষেপণ কেন্দ্র, এবং সঙ্কট অবকাশ কেন্দ্র পাওয়ার সুযোগ বৃদ্ধির জন্য বীমাকারীদের সমর্থক অনুদান প্রদান করবে।

এছাড়াও নিউ ইয়র্কের উচ্চ আওতার মাত্রাটি হলো সরকারি ও বেসরকারি স্বাস্থ্য বীমা পণ্যজুড়ে স্টেটের সম্পূর্ণ সমন্বিত মার্কেটপ্লেসের মডেলের ফলাফল, যা স্টেটকে উচ্চতর আওতার মাত্রা বজায় রাখতে দেয় কারণ ব্যক্তিরা তাদের উপার্জন বা পরিবারের পরিস্থিতি পরিবর্তন হলে নির্বিঘ্নে তাদের কর্মসূচি পরিবর্তন করতে পারে।

নিউ ইয়র্কের মওকুফের একটি ফ্যাক্টশিটসহ সেকশন 1332 স্টেট উদ্ভাবনী মওকুফ সম্পর্কে তথ্য CMS এর ওয়েবসাইটে, এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্কের সেকশন 1332 মওকুফ সম্পর্কে তথ্য এখানে পাওয়া যাবে।

অত্যাবশ্যকীয় পরিকল্পনার বেনিফিট (Essential Plan Benefits) এবং কস্ট শেয়ারিং গ্রিড (Cost Sharing Grid) সম্পর্কে তথ্য এখানে পাওয়া যাবে।

**নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ সম্পর্কে**

2013 সালের অক্টোবর মাসে নিউ ইয়র্ক এর হেলথ প্ল্যান মার্কেটপ্লেস (Health Plan Marketplace), NY স্টেট অফ হেলথ খুলে দেয়। মার্কেটপ্লেসের ওয়ান স্টপ স্বাস্থ্য বীমা কেনাকাটার অভিজ্ঞতা উচ্চমানের সার্বিক স্বাস্থ্য পরিকল্পনা প্রদান করে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের একটি বিভাগ, NY স্টেট অফ হেলথ হলো একমাত্র স্থান যেখানে ভোক্তারা প্রিমিয়াম ছাড় বা কর ক্রেডিটের মাধ্যমে আওতার মূল্য পরিশোধ করার ক্ষেত্রে সাহায্য পাওয়ার যোগ্য হতে পারবে। এছাড়াও যোগ্য নিউ ইয়র্কবাসীরা সারা বছর মার্কেটপ্লেসের মাধ্যমে মেডিকেইড, চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus), এবং অত্যাবশ্যকীয় পরিকল্পনার জন্য নাম লেখাতে পারবে। NY স্টেট অফ হেলথ মার্কেটপ্লেস সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন: https://nystateofhealth.ny.gov/ বা 1-855-355-5777 নম্বরে গ্রাহক সেবাকে ফোন করুন; TTY: 1-800-662-1220 বা একজন নাম লেখানোর সহায়তাকারীকে খুঁজে বের করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন